

ঢাকা ওয়াসা

- ০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক পরিকল্পনার কপি।
০২। বর্তমান আলোকচিত্র।
০৩। আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয়ঃ Repair, Maintenance Palisading Work of Out side Boundary Wall at SWTP.

১০। সায়েদাবাদ পানি শোধনাগার একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র” ওয়াটার পরিবহন, “ট্রিটেড” ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। সরেজমিনে পরিদর্শনান্তে দেখা যায়, সায়েদাবাদ পানি শোধনাগারের “র” ওয়াটার এর পাশের সীমানা প্রাচীরের বাহিরে খেঁড় বীমের নিচের মাটি সরে গিয়ে অনেক বড় গর্তের সৃষ্টি হয়েছে। যা সীমানা প্রাচীরের স্থায়ীত্বের জন্য হুমকি স্বরূপ। উক্ত সীমানা প্রাচীরের বাহির থেকে ড্রামশিট ও বালি দিয়ে Palisading করে বালি দিয়ে ভরাট করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, সীমানা প্রাচীরের স্থায়ীত্বতা বৃদ্ধি পাবে।

০২। অত্যন্ত জরুরী ভিত্তিতে কাজটি বাস্তবায়ন করা প্রয়োজন যা দরপত্র প্রক্রিয়া অনুসরণ করে বাস্তবায়ন করা সময় সাপেক্ষ। তাই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, ঠিকাদারী প্রতিষ্ঠান বরিশাল এন্টারপ্রাইজ কে নিয়োজিত করার প্রস্তাবনা পেশ করা হ’ল।

০৩। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৪৯,২১১.১৭২ (উনপঞ্চাশ হাজার দুইশত এগারো দশমিক এক সাত দুই টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএসএম) খাত (কোড ০১-০৪-০১১) ক্রমিক নং- 105 এবং প্যাকেজ নং- EU5 হতে নির্বাহ করা যেতে পারে।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-০১ হতে ০৩ পর্যন্ত বর্ণনালোকে Repair, Maintenance Palisading Work of Out side Boundary Wall at SWTP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯ (১) ধারা অনুসারে বরিশাল এন্টারপ্রাইজ এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪৯,২১১.১৭২ (উনপঞ্চাশ হাজার দুইশত এগারো দশমিক এক সাত দুই টাকা মাত্র) টাকার অনুমোদন।


গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএসএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


14/1/26
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা


28/01/26
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


14-01-26
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


SE (SWTP)


14/01/26

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপাশো সার্কেল, ঢাকা ওয়াসা।


০৩। ইমদাদ হুসেইন কব্বা হন,
২৩/০১/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।